



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৬/৬/চাঁদপুর-১৯১

তারিখ: ১১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার সভাপতি মাও: হাবীবুল্লাহ এর আবেদন ও প্রেরিত ডিম্যান্ড নোটিশ বিষয়ে অবহিত করণ প্রসঙ্গে


- সূত্র: (০১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮.৭৫; তারিখ: ২০/০২/২০২০ খ্রি.
 (০২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/রিক/৬৯৬; তারিখ: ১৬.০৯.২০২০ খ্রি.
 (০৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.২৫.০০০০.০০৫.০২.০০৭.১৬-৫৩৯; তারিখ: ২৯/০৫/২০১৬ খ্রি.
 (০৪) জেলা শিক্ষা অফিসার স্মারক নং-জেশিঅ/চাঁদ-৩০৯৫; তারিখ: ২৮/০৭/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার পরিচালনা সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৭৭১/২০১৪ এর রায় মোতাবেক কমিটি অনুমোদনের জন্য সভাপতি মাও: হাবীবুল্লাহ একখানা আবেদন করেছেন এবং একই বিষয়ে একখানা ডিম্যান্ড নোটিশ প্রেরণ করেন। উক্ত মাদ্রাসার পরিচালনা কমিটির বিষয়ে সূত্রোক্ত ০১ স্মারকের প্রেক্ষিতে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অত্র বোর্ডের উপ-পরিদর্শক জনাব মো: হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়। সে অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, “মাদ্রাসাটি স্বীকৃতি পাওয়ার পর হতে ম্যানেজিং কমিটি দ্বারা পরিচালিত এবং মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ সরকারের এমপিও গ্রহণ করে আসছে। মাদ্রাসার অবকাঠামো সরকারি অনুদানে গড়ে উঠেছে। মাদ্রাসার জমি মাও: মো: হাবীবুল্লাহর মাতা ও ভাই মাও: মো: নুরুল্লাহ দান করেছেন। এখানে লক্ষ্মীপুর মোহাম্মদীয়া সোসাইটির চেয়ারম্যান, মাদ্রাসাকে কোন প্রকার অনুদান দিয়েছেন, এমন কোন প্রমাণাদি দেখাতে পারেন নি। কিন্তু মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর প্রবিধানমালা, ২০০৯ এর ৪৯ ধারা কঠোরভাবে অনুসরণের নির্দেশনা দিয়েছেন”।

ইতোপূর্বে উক্ত মাদ্রাসার ভূয়া সোসাইটির মাধ্যমে নিয়োগ জালিয়াতির বিষয়ে জেলা শিক্ষা অফিসারকে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র প্রেরণ করা হলে জেলা শিক্ষা অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৪ নং স্মারকে একখানা প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় লক্ষ্মীপুর মোহাম্মদীয়া সোসাইটি নামে কোন সোসাইটি উক্ত মাদ্রাসার পরিচালনার সাথে আদৌ সম্পৃক্ত ছিল না। বর্তমানেও নেই মর্মে উল্লেখ করা হয়।

বর্ণিত অবস্থায় অত্র বোর্ডের উপ-পরিদর্শক জনাব মো: হোসেন কর্তৃক প্রেরিত প্রতিবেদন ও জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর এর তদন্ত প্রতিবেদন মোতাবেক গভার্ণিং ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালার ধারা ৪৯ মোতাবেক সংস্থা পরিচালিত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নেই মর্মে এতদ্বারা অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে




মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- ১) মাও: হাবীবুল্লাহ, লক্ষ্মীপুর মোহাম্মদী সোসাইটি, সদর, চাঁদপুর;
 ২) মোহাম্মদ শফিকুর রহমান, এ্যাডভোকেট, সুপ্রীম কোর্ট বাংলাদেশ,
 কক্ষ নং-১০৪ (মেইন ভবন), সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা-১০০০;


২৭.১০.২০২১

নং-বামাশিবো/প্রশা/৩৬/৬/চাঁদপুর-১৯১

তারিখ: ১১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, চাঁদপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁদপুর;
৫. সভাপতি, লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, সদর, চাঁদপুর;
৬. সুপার/ভারপ্রাপ্ত সুপার, লক্ষ্মীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, সদর, চাঁদপুর;
৭. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


মোঃ ওমর ফারুক ২৭/১০/২১

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২৭.১০.২০২১